গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.১৮.১১৮৫

তারিখ: ০৪/০৯/১৮

বিষয় : সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০১৮ এর ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী সরাসরি সম্প্রচার।

আগামী ০৪ সেপ্টেম্বর ২০১৮ থেকে ১৫ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০১৮ বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত টুর্নামেন্টের নিম্নোক্ত ছকে বর্ণিত ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী বাংলাদেশ বেতার থেকে টেলিভিশন মনিটর দেখে ছকে উল্লিখিত ফ্রিকোয়েন্সি অনুযায়ী সরাসরি সম্প্রচার হবে।

তারিখ	সময়	ম্যাচ	ইউনিট/ফ্রিকোয়েন্সি
০৪/০৯/২০১৮	সন্ধ্যা ৭টা	বাংলাদেশ বনাম ভুটান	বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা মধ্যম তরঙ্গ ৬৩০ কি.হা. ও এফ.এম ১০৪.০ মে.হা., ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম ৮৮.৮ মে.হা.
০৬/০৯/২০১৮	সন্ধ্যা ৭টা	বাংলাদেশ বনাম পাকিস্তান	ঐ
০৮/০৯/২০১৮	সন্ধ্যা ৭টা	বাংলাদেশ বনাম নেপাল	ঐ
১২/০৯/২০১৮	বিকাল ৪টা	প্রথম সেমিফাইনাল	ঐ
	সন্ধ্যা ৭টা	দ্বিতীয় সেমিফাইনাল	ঐ
১৫/০৯/২০১৮	সন্ধ্যা ৭টা	ফাইনাল	ঐ

২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন হলে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে খেলা প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তনের বিষয়ে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন-সহ খেলা সম্প্রচার সংশ্লিষ্ট সকলকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

৩। খেলার ধারারবিবরণী সম্প্রচার সংশ্লিষ্ট ট্রান্সমিটার চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৪। খেলার ধারারবিবরণী সম্প্রচার সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সির পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। তবে এফ.এম ১০৪.০ মেগাহার্জে এনএইচকে-এর অনুষ্ঠান এবং ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার এফ.এম ৮৮.৮ মেগাহার্জে রাত ৮টা ৩০ মিনিটের সংবাদ যথারীতি প্রচার হবে।

৫। খেলার ধারাবিবরণী সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক প্রকৌশলী, প্রচার ভবন, আগারগাঁও, ঢাকা প্রকৌশলগত বিষয়ে প্রয়োজনীয় লোকবল ও সমন্বয়সহ যাবতীয় প্রকৌশল ব্যবস্থা গ্রহণ করবেন এবং জাতীয় বেতার ভবনের স্টুডিও/প্রধান নিয়ন্ত্রণ কক্ষে বা সুবিধাজনক স্থানে ডিস সংযোগসহ ০১ (এক) টি টেলিভিশন মনিটর এবং ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার সুবিধা দিয়ে খেলা সম্প্রচার বুথের ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। ১৫/০৯/২০১৮ তারিখে উল্লিখিত ফ্রিকোয়েন্সিতে সাফ ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০১৮ এর ফাইনাল ম্যাচের ধারাবিবরণী সরাসরি সম্প্রচারকালীন এশিয়া কাপ ক্রিকেট ২০১৮ এর বাংলাদেশ বনাম শ্রীলংকা দলের মধ্যে অনুষ্ঠেয় ক্রিকেট ম্যাচের স্কোর আপডেট প্রচার হবে। ফুটবল খেলার ধারাবিবরণী প্রচার শেষে পুনরায় সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিতে বাংলাদেশ বনাম শ্রীলংকা দলের মধ্যে অনুষ্ঠেয় ক্রিকেট ম্যাচের ধারাবিবরণী প্রচার হবে।

৭। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম উক্ত খেলার জন্য স্পন্সর/বিজ্ঞাপন সংগ্রহ করবেন। এছাড়াও তিনি খেলা সম্প্রচারের সাথে সম্পর্কিত ধারাভাষ্যকারদের বুকিং ও দায়িত্ব প্রদান এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের পূর্বাহ্নে দায়িত্ব অর্পণ করবেন।

৮। খেলা সম্প্রচারে সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা একজন উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী পরিচালক অনুষ্ঠান-কে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানসহ বাণিজ্যিক কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে-কে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করবেন।

৯। খেলার ধারাবিবরণী সম্প্রচার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী-ধারাভাষ্যকারদের খেলা শুরুর ১(এক) ঘন্টা পূর্বে স্টুডিওতে উপস্থিত থাকার জন্য নির্দেশনা দেয়া হলো।

১০। খেলার ধারাবিবরণী জনপ্রিয় করার লক্ষ্যে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম নিজস্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক প্রমো/ঘোষণা নিজস্ব চ্যানেলে এবং ফেসবুক পেইজে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। খেলার ধারাবিবরণী যথাযথভাবে রীলে হচ্ছে কিনা সে বিষয়ে পরিচালক, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ও স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম ঢাকার সাথে প্রয়োজনীয় সমন্বয় করে খেলাগুলো নিজ ইউনিট থেকে সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন এবং খেলা প্রচারের প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করবেন।

১২। উল্লিখিত খেলার ধারাবিবরণী যথাযথভাবে প্রচারের জন্য পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকার নিকট পূর্বাহ্নে খেলা/বিজ্ঞাপনের কিউশিট সরবরাহ নিশ্চিত করবেন।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য